তোমার পূজার   ছলে তোমায়   ভুলেই থাকি ।
বুঝতে নারি   কখন্‌ তুমি   দাও-যে ফাঁকি ॥
ফুলের মালা   দীপের আলো   ধূপের ধোঁওয়ার
পিছন হতে   পাই নে সুযোগ   চরণ-ছোঁওয়ার,
স্তবের বাণীর   আড়াল টানি   তোমায় ঢাকি ॥
দেখব ব'লে   এই আয়োজন   মিথ্যা রাখি,
আছে তো মোর   তৃষা-কাতর   আপন আঁখি ।
কাজ কী আমার   মন্দিরেতে   আনাগোনায়—
পাতব আসন   আপন মনের   একটি কোণায়,
সরল প্রাণে   নীরব হয়ে   তোমায় ডাকি ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Pilu

Visit www.geetabitan.com for notation and other detail